# যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ নবম প্রকার যাদু

রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

বিয়ে ভাঙ্গার যাদুর চিকিৎসার এক উদাহরণ

এক এমন মেয়ের ঘটনা, যে রাতে বিয়েতে সম্মতি দেয়, সকালে অস্বীকার করে। একদিন আমার নিকট এক যুবক এসে বলল, আমাদের এক মেয়ের বিষয়টি খুবই আশ্চর্যের। সে রাতে বিয়ের প্রস্তাবে সম্মতি দেয়, আর সকাল বেলা অস্বীকার করে। তাতে কোন যৌক্তিক কারণও থাকে না । আর বিষয়টি বার বার এমন হচ্ছে। এ ব্যাপারে আপনি কি বলেন?

আমি তাকে বললাম তাকে আমার কাছে নিয়ে আসেন। সুতরাং সে মেয়েটিকে নিয়ে আসল। আমি যখন দু'আ ও কুরআনের আয়াত পড়ে ঝাড়লাম মুহুর্তেই সে বেহুশ হয়ে গেল। এরপর তার মধ্যে প্রবেশ করা জ্বিন কথা বলতে লাগল।

আমি জিজ্ঞাসা করলাম তুমি কে?

উত্তরে বললঃ আমি অমুক জিন।

আমি বললামঃ তুমি এই মেয়েটিকে কেন কষ্ট দিচ্ছ?

উত্তরে বললঃ আমি তাকে ভালোবাসি।

আমি বললামঃ এটাতো তোমার ভালোবাসা নয়। তুমি আসলে কি চাও?

সে বললঃ আমি চাই, এই মেয়ে যেন বিয়ে না করে।

আমি বললামঃ তুমি তাকে কিভাবে প্রতারিত কর, যাতে সে বিয়েতে অস্বীকার করে?

উত্তরে বললঃ যখনই বিয়ের জন্যে তার কাছে কেউ প্রস্তাব নিয়ে আসে সে সম্মতি দেয়; কিন্তু রাতে তাকে স্বপ্নের মাধ্যমে আমি ভয় দেখাই যে তুমি যদি বিয়ে কর তবে তোমার জন্য তা অকল্যাণ হবে।

আমি বললামঃ তোমার ধর্ম কি?

সে বললঃ ইসলাম।

আমি বললামঃ তবে তোমার জন্য এটা জায়েয নয়। কেননা নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, “তুমি নিজেও ক্ষতি করবে না এবং ক্ষতির কারণও হবে না।” (ইবনে মাজাহঃ ২৩৪০ আলবানী সহীহ বলেছেন।) অথচ তুমি যা করছ তা একজন মুসলমানকে ক্ষতিগ্রস্ত করছ। আর এটা শরীয়তে না জায়েয। শেষ পর্যন্ত সেই জিন আমার কথায় প্রভাবিত হল এবং বের হয়ে গেল। তার হুশ ফিরে সে ভাল হয়ে গেল। সমস্ত প্রশংসার অধিকারী কেবলমাত্র আল্লাহ তায়ালা। আর সবকিছুর ক্ষমতা আল্লাহর হাতে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5944

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন